

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

বিষয়ঃ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কার্যনির্বাহী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ড: আহমদ কায়কাউস, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
সভার তারিখঃ ১৯ আগস্ট, ২০২০; সময়ঃ সকাল ১১:০০ মি.
সভার স্থানঃ প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

সভায় অংশগ্রহণকারীগণের তালিকা সংযুক্ত

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। সভার শুরুতে তিনি ১৫ই আগস্টে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শাহাদাতবরণকারী সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করেন। অতঃপর তিনি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নির্বাহী চেয়ারম্যান ও কার্যনির্বাহী কমিটির সদস্য-সচিবকে আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। নির্বাহী চেয়ারম্যান আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

২। কার্যনির্বাহী কমিটির ৩য় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। সভায় উপস্থিত সদস্যগণ সভার যথাযথ প্রত্নুতি গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় কাগজ পত্র সভার যথেষ্ট পূর্বে নিশ্চিত করতে অনুরোধ জানান। এছাড়া NTVQF এর আধুনিকরণসহ সব ধরনের পেশাকে Skill এর অন্তর্ভুক্ত করার বিষয়ে জোর দেন। যেমন চাতালকল শ্রমিক থেকে শুরু করে কভিড-১৯ ফলে দেশে ফিরে আসা শ্রমিকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে বিএমএটি সব সার্বিক সহায়তা দিতে পারে মর্মে মহাপরিচালক বিএমএটি অবহিত করেন।

৪। বিস্তারিত আলোচনার শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|--|---|--|
| আলোচ্যসূচি-১: এনএসডিএ এর জনবল কাঠামো। | খসড়া জনবল কাঠামো পর্যালোচনার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিবের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। প্রস্তাবিত ১৪০ (জন) জনবল নিয়োগে অর্থ বিভাগ কর্তৃক স্কেল ভেটিং ও (১৫ দিনের মধ্যে) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক টিওএন্ডই (১৫ দিনের মধ্যে) এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক নিয়োগ বিধিমালা ভেটিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জনপ্রশাসন মন্ত্রণালয়। ২. অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। ৩. লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ। ৪. জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ। |
| আলোচ্যসূচি-২: জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা প্রণয়ন। | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৮ এর ৬ (ক) ধারায় জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন করার বিধান আছে। ইতোপূর্বে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল কর্তৃক জাতীয় দক্ষতা নীতি ২০১১ প্রণয়ন করা হয়েছিল। এ নীতিমালায় প্রতি ৫ বছর অন্তর জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি রিভিউ করার বিধান আছে। আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর অনুদান সহায়তায় নীতিমালা প্রণয়ন/রিভিউ করার জন্য কার্যক্রম চলমান আছে। বিবেচ্য নীতিমালার খসড়া চূড়ান্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ। |
| আলোচ্যসূচি-৩: এনএসডিএ এর কর্মপরিকল্পনা। | আইএলও এর অনুদান সহায়তায় চুক্তিবদ্ধ পরামর্শক প্রতিষ্ঠান PwC কাজ শুরু করে এবং একটি ন্যাশনাল ওয়ার্কসপ সম্পন্ন করে। কিন্তু চুক্তিবদ্ধ সময়ের মধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়নি। পরবর্তীতে ১ মে থেকে ৩১ অক্টোবর ২০২০ পর্যন্ত ব্যয়-ব্যতিরেকে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে নীতিগত অনুমোদন গ্রহণ করে কর্মপরিকল্পনা প্রণয়নের কাজ চলছে। অংশীজনদের সাথে আলোচনাক্রমে কর্মপরিকল্পনার খসড়া চূড়ান্ত করে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদন গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ। |
| আলোচ্যসূচি-৪: 'জাতীয় মানবসম্পদ | জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল ব্যবহার সংক্রান্ত নীতিমালার সংক্রান্ত গেজেট | ১. অর্থ বিভাগ, অর্থ |

